-০১-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

স্মারক নং ২১.১২১.০১৪.০৪২.০০.৫২৮.২০১৪/ ৬০৬ তারিখঃ ২৫-০১-২০১৫খ্রি:

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন "লক্ষীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলা এবং তৎসংলগ্ন এলাকাকে মেঘনা নদীর অব্যাহত ভাঙ্গন হতে রক্ষাকল্পে নদী তীর সংরক্ষণ (১ম পর্যায়)" প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন।

**১.০ প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতিঃ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.১ | প্রকল্পের নাম | : | লক্ষীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলা এবং তৎসংলগ্ন এলাকাকে মেঘনা নদীর অব্যাহত ভাঙ্গন হতে রক্ষাকল্পে নদী তীর সংরক্ষণ (১ম পর্যায়) | | |
| ১.২ | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | | |
| ১.৩ | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পানি সম্পদ মন্ত্রণালয় | | |
| ১.৪ | অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়) | : | মোট | জিওবি | প্রকল্প সাহায্য |
| ১.৫ | মূল অনুমোদিত | : | ১৯৮০২.০৪২ | ১৯৮০২.০৪২ | - |
| ১.৬ | অক্টোবর, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি (লক্ষ টাকায়) | : | আর্থিক (%)<br>৫৮৯৪.৩৫<br>(২৯.৭৬%) | বাস্তব<br>৩২.৩২% | |
| ১.৭ | বাস্তবায়নকাল | : | আরম্ভ | | সমাপ্তি |
| ১.৮ | মূল অনুমোদিত | : | ২০১৪-১৫ | | ২০১৬-১৭ (জুন, ২০১৭) |
| | সংশোধিত অনুমোদিত | : | জুলাই, ২০১৪ | | জুন, ২০১৭ |
| ১.৯ | ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (প্রস্তাবিত) | : | প্রক্রিয়াধীন | | প্রক্রিয়াধীন |
| ১.১০ | এডিপিতে অন্তর্ভূক্তি ও বরাদ্দ | : | ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিতে বর্ণিত প্রকল্পটি ১৮০০.০০ লক্ষ টাকা বরাদ্দসহ অন্তর্ভুক্ত রয়েছে। | | |

২.০ প্রকল্পের উদ্দেশ্য ও প্রকল্প এলাকাঃ

২.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

* মেঘনা নদীর তীর অব্যাহত ভাঙ্গন হতে রক্ষাকরণ:
* নদী ভাঙ্গন এলাকায় জনসাধারণের বসত-বাড়ী, ফসলি জমি, স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদসহ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ নদীগর্ভে বিলীন হওয়া থেকে রক্ষাকরণ;
* জনগণের আর্থসামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ:
* লোনা পানি প্রবেশ রোধ করতঃ জনসাধারণের জান-মালের ক্ষয়-ক্ষতি ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনা।

২.২ প্রকল্প এলাকাঃ লক্ষীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলা ও তৎসংলগ্ন এলাকা।

**৩.০ পটভূমিঃ**

লক্ষীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলা এবং তৎসংলগ্ন এলাকা প্রমত্তা মেঘনার অব্যাহত ভাঙ্গনের ফলে এলাকার বৃহৎ জনগোষ্ঠীর জান-মালের বিপুল ক্ষয়-ক্ষতির সম্মুখীন হয়ে আসছিল। বিভিন্ন গণমাধ্যমেও এলাকার জনসাধারণের ক্ষয়-ক্ষতির বর্ণনা দিয়ে দীর্ঘদিন যাবৎ এর প্রতিকারের জন্য দাবী জানিয়ে আসছিল। এমনকি জনপ্রতিনিধিগণ ভাঙ্গন রোধকল্পে জাতীয় সংসদে বহুবার গরুত্বপূর্ণ এ বিষয়টি উপস্থাপনের পর উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক ভাঙ্গন প্রবন এলাকাসমূহ পরিদর্শন করতঃ প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেন। এর ফলশ্রুতিতে উক্ত প্রকল্পের Feasibility study সম্পন্ন হয় এবং ডিপিপি প্রস্তুত করতঃ দাখিল করা হয় ও পরে যাচাই-বাছাইয়ের পর ০৫/০৮/২০১৪ খ্রিঃ তারিখে একনেকে অনুমোদিত হয়।

৪.০ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

- উপকূলীয় বেড়ীবাঁধ নির্মাণ-৫.৫০০ কিঃমিঃ
- সি.সি. ব্লক দ্বারা নদীতীর সংরক্ষণ কাজ-৫.৫০ কিঃমিঃ,
- রামগতি ও কমলনগরে নদী ড্রেজিং -১.০০০ কিঃমিঃ

৫.০ প্রকল্পের অনুমোদন:

মূল প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১৯৮০২.০৪২ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১৪ থেকে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৮/০৯/২০১৪ তারিখে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। সে মোতাবেক ৩১.০১.২০১৫ তারিখে কাজ বাস্তবায়ন শুরু হয়।

৬.০ প্রকল্পের অনুকূলে বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতিঃ

৬.১ বছরভিত্তিক বরাদ্দ, সংস্থান ও ব্যয়ঃ

| অর্থ বছর | মূল অনুমোদিত ডিপিপিতে সংস্থান | এডিপি বরাদ্দ | আর্থিক ব্যয় (নভেম্বর, ২০১৫ পর্যন্ত) |
|---|---|---|---|
| | মোট | মোট | মোট |
| ২০১৪-১৫ | ১০২৯২.৭১২ | ৬০০০.০০ | ৫৮৯৪.৩৫ |
| ২০১৫-১৬ | ৬১৩৩.১৩ | ১২৮০০.০০ | |
| ২০১৬-১৭ | ৩৩৭৬.২০ | - | - |
| সর্বমোট | ১৯৮০২.০৪২ | ১৮৮০০.০০ | ৫৮৯৪.৩৫ |

৬.২ বাস্তবায়ন অগ্রগতিঃ

নভেম্বর ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ৫৮৯৪.৩৫ লক্ষ টাকা (২৯.৭৬%) এবং বাস্তব ৩২.৩২%।

৮.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

| ক্রমিক নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | যোগদানের তারিখ | পূর্ণকালীন দায়িত্ব কি-না |
|---|---|---|---|
| ০১. | জনাব মো নাজির আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌ: | ২৩.০৯.২০১৫ | হ্যাঁ |
| ০২. | মোঃ মোসাদ্দেক হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌ: | ১৮.০৬.২০১৫ | হ্যাঁ |

৯.০ পরিদর্শনের কর্মপদ্ধতিঃ প্রকল্পের এডিপি বরাদ্দ পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য এবং বাপাউবো এর কর্মকর্তা ও স্থানীয় জনগণের সাথে আলোচনার ভিত্তিতে পরিদর্শন প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

১০.০ মাঠ পরিদর্শন ও পর্যবেক্ষণঃ

১০। পর্যবেক্ষণঃ

১০.১ প্রকল্প এলাকাটি ৩১.১০.২০১৫ তারিখে পরিদর্শন করা হয়। প্রকল্পের আওতায় নদীর তীর রক্ষার কাজে জন্য নোয়াখালী জেলার রামগতি ও কমলনগর উপজেলা নির্ধারিত রয়েছে। কিন্তু রামগতি উপজেলার চর আলোকজান্ডার ব্যতীত রামগতি উপজেলা ও কমলনগর উপজেলার কোথাও কোন ধরনের কার্যক্রম শুরু হয়নি। রামগতি উপজেলার চর আলোকজান্ডার এলাকাতে মেঘনা নদীর অব্যাহত ভাঙ্গন থেকে বসতবাড়ি বাজার ও অন্যান্য এলাকা রক্ষার জন্য ব্লক তৈরী, ব্লক ডাম্পিং এর কাজ চলমান আছে। (চিত্র: ১,২,ও ৩)



চিত্র-১ ব্লক তৈরী।



চিত্র-২ : ব্লক ডাম্পিং।



চিত্র ৩: প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সরেজমিন পরিদর্শন

১০.২ প্রকল্পের মেয়াদ ১ বছর অতিক্রান্ত হওয়ার পর রামগতি ও কমলনগর উপজেলায় কাজ শুরু করতে না পারার কারণ জানতে চাওয়া হলে নোয়াখালীর জেলার নিবার্হী প্রকৌশলী (লক্ষীপুরের অতিঃ দায়িত্বে) জানান যে, সিডিউল রেট পরিবর্তন এবং দ্রব্য মূল্যের উর্দ্ধগতির কারণে পূর্বের রেটে কাজ করা সম্ভব হচ্ছে না বিধায় প্রকল্পের আওতায় উক্ত এলাকায় কাজ শুরু করা যাচ্ছে না। এ প্রেক্ষাপটে ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি মতামত জানতে চাওয়া হলে জানা যায় যে, বাংলাদেশ ডিজেল প্লান্ট লিমিটেড (বিডিপিএল) এর সাথে প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য চুক্তি সম্পন্ন করা হয়। বিডিপিএল অন্য দুই ঠিকাদারী প্রতিষ্ঠান সাব-কন্ট্রাক্ট হিসাবে চর আলোকজান্ডাররে নদীর তীর রক্ষার কাজটি দেয়। কিন্তু উচ্চ মূল্য ও রেট সিডিউল পরিবর্তনের কারণে রামগতি ও কমলনগর উপজেলার কাজ শুরু করা সম্ভব নয় বলে তারা জানিয়েছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর মতামত জানতে চাওয়া হলে তিনি জানান যে, বিষয়টি পানি সম্পদ মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

১০.৩ প্রকল্পের কাজ তদারকির জন্য মাঠ পর্যায়ে কোন কর্মকর্তা নেই। নোয়াখালী জেলার নির্বাহী প্রকৌশলী অতিরিক্ত হিসাবে লক্ষীপুর জেলার নির্বাহী প্রকৌশলীর দায়িত্বে আছেন। এছাড়া সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলীর পদও দীর্ঘদিন যাবৎ শূন্য। একারণে প্রকল্প বাস্তবায়ন ও তদারিকতে আরও বিলম্ব হচ্ছে।

১১। সমস্যাঃ

১১.১ প্রকল্পের কাজ (রামগতি ও কমলনগর উপজেলার ) নির্দিষ্ট সময়ে শুরু করতে না পারা (অনুচ্ছেদ ১০.২);

১১.২ প্রকল্প বাস্তবায়নে কর্মকর্তার স্বল্পতা ও তদারকির অভাব (অনুচ্ছেদ ১০.৩)।

১২। সুপারিশঃ

১২.১ রামগতি ও কমলনগর উপজেলার কার্যক্রম দ্রুত শুরু করার জন্য উদ্ভূত সমস্যা দ্রুত সমাধানে পানি সম্পদ মন্ত্রণালয়কে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে;

১২.২ প্রকল্প এলাকায় জনবল পদায়নের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

১২.৩ প্রকল্পের কাজে দীর্ঘসূত্রীতা পরিহার করতে হবে;

১২.৪ অনুচ্ছেদ ১২.১ –১২.৩ এর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

(মোঃ বরকাতুর রহমান)
সহকারী পরিচালক
ফোন: ৯১১০৪১৩

H:\Tour repoprt. Ramgoti Komolnagar.doc

পরিশিষ্ট-'ক'

| অনুমোদিত ডিপিপি অনুযায়ীঅংগের নাম | | অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | অবশিষ্ট মেয়াদ অনুযায়ী কাজ |
|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক (%) | বাস্তব (%) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (ক) রাজস্ব ব্যয়ঃ | | | | | | |
| | সরবরাহ সোব | | | | | |
| ০১. | ম্যাথমেটিক্যাল মডেলিং (মনিটরিং ফর এডপটিভ মেজার) | ৫০.০০ | | - | - | ৫০.০০ |
| ০২. | পেট্রোল ও লুব্রিকেন্ট | ১৫.০০ | | ২.০০ | ৩৩.৩৩ | ১৫.০০ |
| ০৩. | মুদ্রণ ও প্রকাশনা | ৬.০০ | | ২.০০ | ৩৩.৩৩ | ৬.০০ |
| ০৪. | অফিস ষ্টেশনারী | ৬.০০ | | ৪.০০ | ৫০.০০ | ৪.০০ |
| ০৫. | জরিপ ও অনুসন্ধান | ৮.০০ | | ৪.০০ | ৫০.০০ | ৪.০০ |
| | মেরামত, রক্ষণাক্ষেণ ও পুনর্বাসন | | | | | |
| ০৬. | যানবাহন ও গাড়ী মেরামত | ১২.০০ | | ২.০০ | ১৬.৬৬ | ১০.০০ |
| ০৭. | বিদ্যমান মেঘনা নদীর বাম তীর সংরক্ষণ কাজ মেরামত ও রকক্ষণাবেক্ষণ (রামগতি ফিশ ঘাটের পোল্ডার ৫৯/২-এ কিঃমিঃ ১২২.৯৭৬ হতে কিঃমিঃ ১২৩.০৭৬=০.১০০ কিঃমিঃ এবং কমনগর উপজেলার মতিহাট কিঃমিঃ ১৬৭.১৮০ হতে কিঃমিঃ ১৬৭.৩০০=০.১২০ কিঃমিঃ) | ৩০৫.২৭ | | | | ৩০৫.২৭ |
| | উপমোট | ৪০২.২৭ | | ১০.০০ | | ৩৯২.২৭ |
| (খ) মূলধন ব্যয়ঃ | | | | | | |
| ০৮. | মিটশুবিসি লং হুইল বেইস জীপ (প্রগতির তৈরী) (২৩০০-২৫০০সিসি)-১টি | ৮৫.০০ | | ৭২.০০ | ১০০.০০ | - |
| ০৯. | মিটশুবিসি ডাবল কেবিন পিক-আপ (প্রগতির তৈরী) (২৩০০-২৫০০ সিসি) ১টি | ৭৫.০০ | | ৫০.০০ | ১০০.০০ | - |
| ১০. | মোটর সাইকেল (১২৫সিসি) -১টি | ৪.০০ | | ৪.০০ | ১০০.০০ | - |
| ১১. | ফটোকপিয়ার (Cannon Brand)-২টি | ৩.২০ | | ৩.২০ | ১০০.০০ | - |
| ১২. | লেভেলিং ইনস্টুমেন্ট (ষ্টাফসহ)-৪টি | ৬.০০ | | ৩.০০ | ৫০.০০ | ৩.০০ |
| ১৩. | ডিজিটাল জিপিএস (Garmin)-২টি | ০.৭০ | | ০.৭০ | ১০০.০০ | - |
| ১৪. | লেজার প্রিন্টারসহ ব্যান্ড কম্পিউটার এক্সেসরিজসহ ডেক্সটপ-৩টি, ল্যাপটপ-১টি)=৪টি | ৪.০০ | | ২.০০ | ৫০.০০ | ২.০০ |
| ১৫. | অফিস ফার্নিচার (থোক) | ১৫.০০ | | ৫.০০ | ৩৩.৩৩ | ১০.০০ |
| | উপ-মোট | ১৯২.৯০ | | ১৩৯.৯০ | | ১৫.০০ |
| | নির্মাণ ব্যয় | | | | | |
| ১৬. | বিভাগীয় অফিস ভবন-কাম-রেষ্ট হাউজ নির্মাণ | ২৩৫.০০ | | | | ২৩৫.০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৭. | লক্ষীপুর জেলার রামগতি উপজেলায় মেঘনা নদীর বাম তীর প্রতিরক্ষা (লোকেশন-১) কিঃমিঃ ১২৩.৪০০ কিঃমিঃ ১২৪.৪০০= ১০০০ মিটার | ২৯৪৮.৩৪ | | | | ২৯৪৮.৩৪ |
| ১৮. | লক্ষীপুর জেলার রামগতি উপজেলার মেঘনা নদীর বাম তীর প্রতিরক্ষা কাজ (লোকেশন-২) কিঃমিঃ ১৩২.০০০ হতে ১৩৫.৫০০=৩৫০০ মিটার | ১০০৪১.৪১ | | ৫৭৪৪.৪৫ | ৫৭.০০ | ৪২৯৬.৯৬ |
| ১৯. | লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার মেঘনা নদীর বাম তীর প্রতিরক্ষা কাজ কাজ (লোকেশন-৩) কিঃমিঃ ১৫১.০০০ সহতে কিঃমিঃ ১৫২.০০=১০০০ মিটার | ৪৬১৮.৫৫ | | | | ৪৬১৮.৫৫ |
| ২০. | চর ড্রেজিং কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ১.০০=১.০০ কিঃমিঃ | ৫০৪.০০ | | | | ৫০৪.০০ |
| ২১. | নির্মাণকালীন সময়ে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ | ৩০০.০০ | | | | ৩০০.০০ |
| | উপ-মোট (মূলধন) | ১৮৮৪০.২০ | | | ৫৮৮৪.৩৫ | ১২৯১৭.৮৫ |
| (ক) | ফিজিক্যাল কন্টিনজেন্সি (সিভিল ওয়ার্ক) | ১৮৬.৫২ | | | | ১২৯.০২৮ |
| (খ) | প্রাইজ কন্টিনজন্সি | ৩৭৩.০৫২ | | | | ২৫৮.০৫৭ |
| | সর্বমোট (ক+খ+গ+ঘ) | ১৯৮০২.০৪২ | | | ৫৮৯৪.৩৫ | ১৩৬৯৭.২০৫ |